11963 - স্বামী তার স্ত্রীর সাথে সহবাস শেষে করার পরপর স্ত্রীর মাসিক শুরু হয়েছে, এমতাবস্থায় স্ত্রী কখন ফরজ গোসল করবে

প্রশ্ন

প্রশ্ন: স্বামী তার স্ত্রীর সাথে সহবাস করেছেন। সহবাসের পরপরই স্ত্রীর মাসিক শুরু হয়ে গেছে। এমতাবস্থায় স্ত্রীকে সহবাসের কারণে তখনি ফরজ গোসল করতে হবে; নাকি মাসিক শেষ হওয়ার পর গোসল করলে চলবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

স্বামী তার স্ত্রীর সাথে সহবাস করার পর ফরজ গোসল করার আগেই যদি মাসিক শুরু হয়ে যায় তাহলে মাসিক থেকে পবিত্র হওয়ার পূর্বে গোসল করা তার জন্য ফরজ (আবশ্যকীয়) নয়।কিন্তু তিনি যদি কুরআন শরিফ পড়তে চান তাহলে ফরজ গোসল করে নেয়া ওয়াজিব। কারণ আলেমগণের অগ্রগণ্য মতানুযায়ী সহবাসের পর গোসল করা ছাড়া কুরআন পড়া জায়েয নয়।